

## বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা  
উন্নয়ন শাখা  
প্রশাসন অনুবিভাগ  
[www.idra.org.bd](http://www.idra.org.bd)

স্মারক নং-৫৩.০৩.০০০০.০১৭.১৭.০২.২০২৩.

তারিখঃ ২৪ জুন, ২০২৪

### প্রেস বিজ্ঞপ্তি

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর UMP এর ডিজিটাল প্ল্যাটফর্ম হতে প্রান্তিক পর্যায়ে বীমা গ্রাহকগণকে দ্রুত ও সহজে সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে গত ২৩ জুন ২০২৪ তারিখে সকাল ১১:০০ টায় উদ্বোধনী অনুষ্ঠান এবং অরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর চেয়ারম্যান জনাব মোহাম্মদ জয়নুল বারী, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মামুনুর রশিদ ভূঁইয়া, প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এটুআই। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সদস্য (প্রশাসন) জনাব বিশ্বজিৎ ভট্টাচার্য শোকন, এনডিসি।

দুই পর্বের অনুষ্ঠানের উদ্বোধনী পর্বে কর্মশালায় প্রেক্ষাপট ও গুরুত্ব তুলে ধরে স্বাগত বক্তব্য দেন বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক (প্রশাসন) ড. নাজনীন কাউসার চৌধুরী, অতিরিক্ত সচিব। তিনি বলেন বর্তমানে সারাদেশে ৯৪৯৭টি ডিজিটাল সেন্টারের (ইউনিয়ন, পৌরসভা, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, সিটি কর্পোরেশনের ওয়ার্ড, প্রবাস ডিজিটাল সেন্টার এবং বিশেষায়িত সেন্টার) মাধ্যমে ৩৯৫টির অধিক সেবা প্রদান করা হচ্ছে। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের UMP নামে একটি ডিজিটাল প্ল্যাটফর্ম রয়েছে। ইতোমধ্যে কর্তৃপক্ষের UMP তে বাস্তবায়িত বীমাগ্রাহক পোর্টাল ও “বীমা তথ্য” মোবাইল অ্যাপ এর মাধ্যমে বীমা গ্রাহক তার পলিসি তথ্য ও প্রিমিয়াম রশিদ ডাউনলোড/প্রিন্ট এর মাধ্যমে সংরক্ষণ করতে পারছে। এই অ্যাপটি ব্যবহার করে (Android/IoS এর মাধ্যমে) প্রতিমাসে গড়ে সাড়ে ১২ হাজার গ্রাহক এ অ্যাপের সুবিধা গ্রহণ করছেন। যে সকল গ্রাহকের স্মার্ট ফোন নেই এবং তারা প্রান্তিক পর্যায়ে থাকায় এই অ্যাপের সুবিধা গ্রহণ করতে পারছেন না। তাদের কাছে বীমা সেবা পৌঁছানোর লক্ষ্যে a2i এর সহযোগিতায় UDC এর সাথে বীমা সেবাটি সংযুক্ত করা হয়েছে। বীমা সংক্রান্ত ডিজিটাল সেবা প্রদানের লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের বীমা গ্রাহক পোর্টাল এর সাথে a2i (aspire to innovate ) এর প্ল্যাটফর্মের সংযোগ স্থাপনের প্রয়োজনীয় কারিগরি কাজ ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। এর মাধ্যমে প্রান্তিক পর্যায়ে যে সকল বীমা গ্রাহক রয়েছে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) এর মাধ্যমে বীমা গ্রাহক সহজেই তাঁর পলিসি তথ্য ও প্রিমিয়াম জমা প্রদানের পর প্রিমিয়াম রশিদ (ই-রিসিপ্ট) সংগ্রহ করতে পারবে।

স্বাগত বক্তব্য শেষে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের UMP’র সেবা সমূহের উপর একটি সংক্ষিপ্ত উপস্থাপনা ও ভিডিও প্রদর্শন করা হয়। ভিডিও প্রদর্শন শেষে ইউডিসির উদ্যোক্তাগণ তাদের বিভিন্ন সেবা প্রদানের অভিজ্ঞতার আলোকে বীমা সেবা প্রদানের কার্যক্রম তুলে ধরেন। তাদের বক্তব্য শেষে অনুষ্ঠানের বিশেষ অতিথি এটুআই এর প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), জনাব মামুনুর রশিদ ভূঁইয়া বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের এ ডিজিটাল উদ্যোগকে সাধুবাদ জানান এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের UMP এর ডিজিটাল প্ল্যাটফর্ম হতে প্রান্তিক পর্যায়ে বীমা গ্রাহকগণকে বীমা সেবা প্রদান ও কর্তৃপক্ষের সকল ডিজিটাল উদ্যোগে অন্তর্ভুক্তকরণসহ সার্বিক সহযোগিতা করার অঙ্গিকার ব্যক্ত করেন।

প্রধান অতিথি জনাব মোহাম্মদ জয়নুল বারী তাঁর বক্তব্যে বলেন, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর UMP এর ডিজিটাল প্ল্যাটফর্ম হতে প্রান্তিক পর্যায়ে বীমা গ্রাহকগণকে দ্রুত ও সহজে সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে a2i প্ল্যাটফর্মে এই সেবা যুক্ত হওয়া একটি যুগান্তকারী মাইলফলক হিসেবে বিবেচিত হবে। তিনি বলেন দেশের বর্তমান জিডিপিতে বীমার অবদান এবং অবদান বৃদ্ধিতে ডিজিটাল প্ল্যাটফর্মের অপরিসীম গুরুত্ব রয়েছে। প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্যোক্তাদের বীমা বিষয়ে সাধারণ জনগণকে উদ্বুদ্ধ করতে এবং বীমা খাতকে এগিয়ে নিতে বীমা গ্রাহকদের আরো সচেতন করার বিষয়ে সকলকে অনুরোধ জানান এবং বীমা বিষয়ক প্রচার প্রচারণার অব্যাহত রাখা এবং প্রয়োজনে বাড়ানোর জন্য নির্দেশনা দেন। তিনি আরো বলেন, বীমা পেনিট্রেশন বাড়ানো এবং বীমা দাবি নিষ্পত্তির সমস্যা সমাধানে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার এর উপর গুরুত্ব প্রদান করেছে। পাশাপাশি বীমার বিভিন্ন নতুন পরিকল্পনা অনুমোদনসহ বিভিন্ন উদ্যোগ (যেমন: নতুন ডিস্ট্রিবিউশন চ্যানেল ব্যাংকাসুরেন্স প্রবর্তন, ইন্স্যুর্টেকের মাধ্যমে নতুন উদ্যোক্তা সৃষ্টি ইত্যাদি) গ্রহণের মাধ্যমে বীমা সেবাকে সহজীকরণ করা হয়েছে। তিনি অরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠান আয়োজনে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং বীমা গ্রাহক পোর্টাল ব্যবহার করে ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর মাধ্যমে বীমা গ্রাহকগণকে বীমা সেবা প্রদানের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন।

অনুষ্ঠানের সভাপতি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সদস্য (প্রশাসন) জনাব বিশ্বজিৎ ভট্টাচার্য খোকন বলেন, সঠিক সময়ে বীমা দাবি পরিশোধ করা হলে জনগণের আস্থা বৃদ্ধি পাবে। সাধারণ মানুষের কাছে পৌঁছানোর অন্যতম মাধ্যম হলো UDC এর উদ্যোগ। এদের মাধ্যমে দ্রুত বীমা খাত এগিয়ে নেয়া সম্ভব বলে আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে অরিয়েন্টেশন কর্মশালা (ভার্চুয়াল) অনুষ্ঠিত হয় এবং প্রমোন্ডর পর্বের মাধ্যমে অনুষ্ঠান শেষ হয়।

28.06.2028  
মোঃ জাহাঙ্গীর আলম  
পরিচালক (উপসচিব)

ও  
মুখপাত্র  
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

প্রধান বার্তা সম্পাদক /বার্তা সম্পাদক /চীফ রিপোর্টার  
সকল প্রিন্ট/ইলেক্ট্রনিক মিডিয়া